



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমবায় অধিদপ্তর  
আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.coop.gov.bd](http://www.coop.gov.bd)



'বন্ধবন্ধুর দর্শন,  
সমবায়ের উন্নয়ন'

নং- ৪৭.৬১.০০০০.০৫০.০৫.০০৪.২১ . ২৯৭

তারিখ: ৩০/১২/২০২১ খ্রি:


### অফিস আদেশ

সমবায় অধিদপ্তরের ই-গর্ভন্যাস ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার কার্যক্রম [১.৩] 'সেবা ডিজিটাইজেশন' বাস্তবায়নের অংশ হিসেবে 'সমবায় অধিদপ্তরের ই-সিটিজেন চার্টার' স্থাপন করা হয়েছে। ই-সিটিজেন চার্টারের মাধ্যমে সেবা গ্রহীতাগণ তাদের প্রত্যাশিত সেবার তথ্য, সেবা প্রাপ্তির পদ্ধতি এবং সেবা প্রদানকারীর তথ্যসহ সমবায় অধিদপ্তরের সেবা সংক্রান্ত অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য পাবেন। এছাড়াও ডিসপ্লে বোর্ডের মাধ্যমে প্রদর্শিত 'ই-সিটিজেন চার্টার'টি মোবাইলে ডাউনলোড করা যাবে।

২। সমবায় অধিদপ্তরের 'সিটিজেন চার্টার কমিটি' ই-সিটিজেন চার্টারটি নিয়মিত হালনাগাদ ও তত্ত্বাবধান করবে।

৩। সমবায় অধিদপ্তরের প্রধান কার্যালয়ের যুগ্মনিবন্ধকগণ তাঁর শাখা সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্যাদি ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন।

৪। ভবন ব্যবস্থাপনা কমিটি ডিজিটাল ডিসপ্লে বোর্ড এর বিদ্যুৎ সংযোগ, ইন্টারনেট কানেকশনসহ অন্যান্য সুবিধা নিশ্চিত করবে।

  
৩০/১২/২০২১

(ড. মো: হুসু-আর-রশিদ বিশ্বাস)  
নিবন্ধক ও মহাপরিচালক  
সমবায় অধিদপ্তর, ঢাকা।  
ফোন: ০২ ৪৮১১৯৩০৫

বিতরণ:

- ১। আহ্বায়ক, সিটিজেন চার্টার কমিটি।
- ২। যুগ্মনিবন্ধক (সকল), প্রধান কার্যালয়, সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ৩। আহ্বায়ক, ভবন ব্যবস্থাপনা কমিটি।